দামুড়হুদায় শিক্ষার্থীদের মাঝে আঙ্গুরের চারা বিতরণ

দামুড়হুদায় মায়ের দোয়া ফুল ফল ও কিন্ডারগার্ডেনের উদ্যোগে হাউলী ইউনিয়নের প্রায় এক হাজার শিক্ষার্থীর মাঝে আঙ্গুর ফলের চারা বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১টার দিকে হাউলী ইউনিয়নের কুমারীদহ মাঠে ব্যতিক্রমধর্মী এ আয়োজন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শহীন আলম। বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ্ উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, কৃষি উপসহকারী সাইফুল ইসলাম, জয়রামপুর ডিএস দাখিল মাদ্রাসার সুপার শহিদুল ইসলাম, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু ও হাউলী ইউপি সদস্য জাহাঙ্গীর আলম টিক্কা প্রমূখ।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মায়ের দোয়া ফুল ফল ও কিন্ডারগার্ডেনের স্বত্বাধিকারী রানা হোসেন।শুভেচ্ছা বক্তব্যে রানা হোসেন বলেন, “আমি প্রথম ইউটিউব দেখে ১৮ কাঠা জমিতে আঙ্গুর ফলের চাষ শুরু করি। এখন আমার স্বপ্ন, শুধু আমার এলাকা নয় পুরো চুয়াডাঙ্গাকে আঙ্গুরের রাজ্যে পরিণত করা। অনেক পরিবার রয়েছে, যারা আর্থিক সংকটের কারণে সন্তানদের আঙ্গুর কিনে খাওয়াতে পারে না। সেই চিন্তা থেকেই কোমলমতি শিক্ষার্থীদের মাঝে আঙ্গুরের চারা বিতরণের উদ্যোগ নিয়েছি। আমি চাই শিশুরা নিজেরাই গাছ লাগাবে, পরিচর্যা করবে এবং ফল খেয়ে উদ্বুদ্ধ হবে।”

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শহীন আলম বলেন, “ফলজ গাছ রোপণ শুধু পরিবেশ রক্ষাই নয়, পুষ্টি চাহিদা পূরণেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শিক্ষার্থীদের মাঝে আঙ্গুরের চারা বিতরণের এই উদ্যোগ অত্যন্ত প্রশংসনীয়। এর মাধ্যমে শিশুদের মধ্যে কৃষি ও বৃক্ষরোপণের প্রতি আগ্রহ তৈরি হবে।

অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের হাতে আঙ্গুরের চারা তুলে দেন

অতিথিবৃন্দ। এসময় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ভিজিএফের চাল বিতরণে উত্তেজনা, জামায়াত নেতাকর্মীদের বিরুদ্ধে হামলার অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন পরিষদে ভিজিএফের চাল বিতরণকে কেন্দ্র করে উত্তেজনার সৃষ্টি হয়েছে। এ ঘটনায় ইউপি সদস্যদের ওপর হামলা ও ভিজিএফের চাল ছিনিয়ে নেওয়ার চেষ্টার অভিযোগ উঠেছে জামায়াত নেতাকর্মীদের বিরুদ্ধে।

বুধবার পবিত্র ঈদুল আজহা উপলক্ষে অসহায় ও দরিদ্র মানুষের মাঝে সরকারের বরাদ্দকৃত ১০ কেজি করে ভিজিএফের চাল বিতরণের সময় এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন স্থানীয় জনপ্রতিনিধিরা।

ষোলটাকা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আফরোজা খাতুন অভিযোগ করেন, দরিদ্রদের জন্য বরাদ্দকৃত চালের একটি অংশ জামায়াতের কিছু নেতাকর্মী দাবি করেন। দাবি পূরণ না হওয়ায় ইউনিয়ন পরিষদ কার্যালয়ে উত্তেজনা সৃষ্টি হয়।

ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ডের সদস্য সুজাউদ্দিন বলেন, “দুঃস্থদের জন্য বরাদ্দকৃত চাল জামায়াত নেতাদের না দেওয়ায় তারা আমার ওপর হামলা চালায়।”

তিনি আরও বলেন, “যদি তাদের তালিকাভুক্ত কোনো দুস্থ ব্যক্তি থাকত, তাহলে নাম দিলে যাচাই-বাছাই করে চাল দেওয়া হতো। কিন্তু কোনো তালিকা ছাড়াই জোরপূর্বক চাল নেওয়ার চেষ্টা করা হয়।”

স্থানীয় কয়েকজন বাসিন্দার দাবি, ইউনিয়ন পরিষদ কার্যালয়ে একপর্যায়ে উত্তেজনা ছড়িয়ে পড়লে কিছু ব্যক্তি জোরপূর্বক চাল

নেওয়ার চেষ্টা করেন। পরে স্থানীয়দের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

ঘটনার পর পুলিশ ঘটনাস্থলে যায়। তবে অভিযোগের বিষয়ে তাৎক্ষণিক মন্তব্য এড়িয়ে যান গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস।

এ বিষয়ে বক্তব্য জানতে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আনোয়ার হোসেনের ব্যবহৃত মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি কল রিসিভ করেননি।

অভিযোগের বিষয়ে জামায়াতের স্থানীয় নেতাদের বক্তব্য পাওয়া যায়নি। বক্তব্য পাওয়া গেলে তা প্রকাশ করা হবে।

মুজিবনগরে সম্প্রীতি চর্চা ও মাদক থেকে দূরে রাখতে তরুণদের মাঝে ক্রীড়া সামগ্রী বিতরণ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামে তরুণদের মধ্যে সম্প্রীতির চর্চা জোরদার করা এবং মাদক ও ডিজিটাল আসক্তি থেকে দূরে রাখতে ব্যতিক্রমী উদ্যোগ নেওয়া হয়েছে। পিএফজি (পিস ফ্যাসিলিটেটর গ্রুপ) সমন্বয়কারী মো. ওয়াজেদ আলি খানের নিজস্ব উদ্যোগে গতকাল শুক্রবার বিকেলে এক ক্রীড়া আয়োজন ও ক্রীড়াসামগ্রী বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এই উদ্যোগের মূল লক্ষ্য ছিল তরুণদের মাঠমুখী করা এবং খেলাধুলার মাধ্যমে তাদের মাঝে পারস্পরিক সৌহার্দ্য ও ভ্রাতৃত্ববোধ গড়ে তোলা। বর্তমান সময়ে স্মার্টফোনের অতিরিক্ত ব্যবহার ও মাদকের ঝুঁকি তরুণ সমাজকে উদ্বেগজনক অবস্থায় ফেলেছে। এমন প্রেক্ষাপটে রশিকপুর গ্রামের তরুণদের সুস্থ বিনোদনের দিকে আকৃষ্ট করতে এ আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

অনুষ্ঠানে অংশগ্রহণকারী তরুণদের মাঝে নতুন জার্সি, প্যান্ট ও ফুটবল বুট বিতরণ করা হয়। পরে গ্রামের মাঠে একটি প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়, যা উপস্থিত সবার মাঝে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে। নতুন ক্রীড়াসামগ্রী পেয়ে খেলোয়াড়দের মাঝে ব্যাপক উচ্ছ্বাস লক্ষ্য করা যায়।

পিএফজি সমন্বয়কারী মো. ওয়াজেদ আলি খান বলেন, “আমাদের তরুণদের মাঝে কেবল সম্প্রীতির বার্তা দিলেই হবে না, বরং তাদের মাঠে নামিয়ে সম্প্রীতির চর্চা করাতে হবে। খেলাধুলা মানুষের মধ্যে ভেদাভেদ ভুলে এক হওয়ার সুযোগ করে দেয়। তারা যেন ডিভাইসের নেশা ও মাদকের মরণছোবল থেকে দূরে থেকে সুস্থ ও সুন্দর জীবন যাপন করতে পারে, সেই লক্ষ্যেই আমার এই ক্ষুদ্র প্রচেষ্টা।”

অনুষ্ঠানে স্থানীয় এলাকাবাসী উপস্থিত থেকে খেলোয়াড়দের উৎসাহ দেন এবং এমন উদ্যোগের ধারাবাহিকতা বজায় রাখার আহ্বান জানান। অভিভাবকরাও মনে করেন, এ ধরনের কার্যক্রম তরুণদের বিপথগামী হওয়া থেকে রক্ষা করে সমাজে শান্তি ও সংহতি প্রতিষ্ঠায় ইতিবাচক ভূমিকা রাখবে।

কৃষক কার্ড বিতরণে রাজনৈতিক বিবেচনায় অনিয়মের কোনো সুযোগ নেই

কৃষক কার্ড বিতরণে রাজনৈতিক বিবেচনা করে অনিয়ম বা স্বজনপ্রীতি কোনো সুযোগ নেই বলে মন্তব্য করেছেন আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী অ্যাড. মো. আসাদুজ্জামান।

মঙ্গলবার (১৪ এপ্রিল) দুপুরে ঝিনাইদহের শৈলকূপা উপজেলার আবাইপুরে কৃষক কার্ড বিতরণ শেষে তিনি সাংবাদিকদের সাথে এসব কথা বলেন।

আইনমন্ত্রী বলেন, সরকার শপথ নেওয়ার পর থেকে নির্বাচনি প্রতিটি প্রতিশ্রুতি পালন করে যাচ্ছে। কৃষকদের ১০ হাজার টাকা কৃষি ঋণ

মওকুফ করেছে সরকার। আজ কৃষক কার্ড বিতরণ করা হলো। কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে খাল খনন কর্মসূচি বাস্তবায়ন শুরু হয়েছে। কৃষকদের ভাগ্য উন্নয়নে সরকার একের পর এক কাজ করে চলেছে।

আইনমন্ত্রী বলেন, সংসদে বিরোধীদলের কণ্ঠ রোধ করা হচ্ছে বলে বিরোধীদল জামায়াতের সেক্রেটারি জেনারেল অভিযোগ করেছেন। কিন্তু আমরা বলতে চাই, সংসদে বিরোধীদলের সদস্যদের বরাদ্দের চেয়ে বেশি সময় দেওয়া হচ্ছে।

এর আগে দুপুর দেড়টার দিকে শৈলকুপার আবাইপুর ইউনিয়নের কৃপালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কৃষক কার্ড উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চুয়ালি যোগ দেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

এসময় অন্যদের মধ্যে জেলা প্রশাসক নোমান হোসেন, পুলিশ সুপার মাহফুজ আফজাল, জেলা পরিষদের প্রশাসক আব্দুল মজিদ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. কামরুজ্জামান উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে কৃষক কার্ডধারী ১৬৭৯ জন উপকারভোগী কৃষকসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। উপজেলার আবাইপুর ইউনিয়নের কৃপালপুর ব্লকের কৃষকরা পাইলট প্রকল্পের আওতায় প্রথম ধাপেই কৃষক কার্ড পাচ্ছেন।

ঝিনাইদহে বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের মাঝে ২৬ লাখ টাকার চেক বিতরণ

ঝিনাইদহের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের মাঝে ২৬ লাখ টাকার চেক বিতরণ করা হয়েছে। রোববার দুপুরে জেলা পরিষদ মিলনায়তনে ওসব প্রতিষ্ঠানের প্রতিনিধিদের মাঝে এই চেক বিতরণ করা হয়।

সেসময় জেলা পরিষদ প্রশাসক এ্যাড. এম এ মজিদ, প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা, নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র, জেলা

বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু, সদর উপজেলা সাধারন সম্পাদক আলমগীর হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে জেলার ৬ উপজেলার ১৬ টি মসজিদ ও মন্দির একজন অসুস্থ ব্যাক্তিকে সর্বমোট ২৬ লাখ টাকার চেক দেওয়া হয়।

আয়োজকরা জানান, ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর উন্নয়ন এবং অসহায় মানুষের পাশে দাঁড়ানোর লক্ষ্যে নিয়মিত এ ধরনের সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে।

মেহেরপুরে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুরে আল হিকমাহ ইসলামী পাঠাগারের উদ্যোগে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে শহরের ক্যাশবপাড়ায় অবস্থিত আল হিকমাহ ইসলামী পাঠাগারের কার্যালয়ে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। পাঠাগারের পরিচালক রওশন আরার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাঠাগারের উপদেষ্টা আব্দুল লতিফ, সাইনা আক্তার রুপা, মোঃ শামসুল ইসলামসহ অন্যান্যরা।

এসময় এলাকার শতাধিক দুস্থ পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

কর্তৃপক্ষ জানায়, অসহায় মানুষের পাশে দাঁড়াতে এ ধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

মেহেরপুরে গুম, খুন ও নির্যাতনের শিকার পরিবারের মাঝে আর্থিক সহায়তা বিতরণ

মেহেরপুরে গুম, খুন ও নির্যাতনের শিকার ব্যক্তিদের পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর আর্থিক সহায়তা বিতরণ করা হয়েছে। বুধবার দুপুরে জেলা বিএনপির কার্যালয়ে এ সহায়তা প্রদান করা হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের হাতে আর্থিক সহায়তা তুলে দেন।

এসময় তিনি বলেন, অতীতে যারা রাজনৈতিক সহিংসতার শিকার হয়েছেন, তাদের পরিবারের পাশে দাঁড়ানো সরকারের দায়িত্ব। বর্তমান উদ্যোগের মাধ্যমে সেই দায়িত্ব পালনের একটি প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

সহায়তা পেয়ে ভুক্তভোগী পরিবারের সদস্যরা সন্তোষ প্রকাশ করেন। স্বামী হত্যার শিকার মোছা. ফুল খাতুন বলেন, “প্রায় ১০ বছর আগে রাজনৈতিক দ্বন্দ্বের কারণে আমার স্বামীকে হত্যা করা হয়। এই সহায়তা পেয়ে আমি খুশি।”

অপর ভুক্তভোগী মোছা. কানচোনা বলেন, “২০১০ সালে আমার স্বামীকে হত্যা করা হয়। ঈদের সময় এ সহায়তা পেয়ে প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানাই।”

এসময় উপস্থিত ছিলেন বিএনপির সাবেক সহ-সভাপতি আনসারুল হক, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা, জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননসহ ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

ঝিনাইদহে স্বপ্ন সারথীর উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতে ঝিনাইদহে ‘স্বপ্ন সারথী ’ সামাজিক সংগঠনের উদ্যোগে সমাজের দুস্ত-অসহায় দরিদ্র মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার (১৮ মার্চ) শহরের উপশহর পাড়ার এক স্কুল মাঠে এই ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

স্বপ্ন সারথীর সভাপতি ড. তপন কুমার গাঙ্গুলির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ (অব:) মোহাব্বত হোসেন টিপু। এসময় বিশেষ অতিথি হিসেবে বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির উপ-পরিচালক হায়দার আলী, রয়েল ডায়াগোনষ্টিক সেন্টারের স্বত্বাধিকারী ডা. রেজাউল ইসলাম রেজা, পুলিশ কর্মকর্তা গোলাম মোহাম্মদ গামা, অংকুর নাট্য একাডেমির সদস্য সচিব নাজিম উদ্দীন জুলয়াস, সংযোগ ফাউন্ডেশনের জেলা কো- অর্ডিনেটর মুন্সী আবু হাসান, কৌতুক অভিনেতা ও সমাজ কর্মী, হুমায়ন কবিরী টুকু, নবগঙ্গা ফিটনেস একাডেমির প্রতিষ্ঠাতা পরিচালক কাজী আলী আহম্মেদ লিকু এবং স্বপ্ন সারথীর প্রতিষ্ঠাতা ও সাধারণ সম্পাদক প্রভাষক কাজী মোহাম্মদ আলী পিকুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সাংবাদিক মোঃ শাহানুর আলম।

অনুষ্ঠানে ২’শ নারী-পুরুষের মাঝে ঈদের পোষাক ও খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

মেহেরপুরে অসহায়দের মাঝে ঈদের বাজার সামগ্রী বিতরণ

মেহেরপুরে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে “ঈদের খুশি প্রতিটি ঘরে” শীর্ষক মানবিক কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

কর্মসূচির আওতায় সংগঠনের স্বেচ্ছাসেবীরা মেহেরপুরের অতিদরিদ্র ও অসহায় পরিবারগুলো চিহ্নিত করে তাদের বাড়িতে গিয়ে ঈদের বাজার সামগ্রী বিতরণ করেন। এই আয়োজন সম্পন্ন করতে স্বেচ্ছাসেবীরা তহবিল সংগ্রহের মাধ্যমে উপহার সামগ্রী প্রস্তুত করেন। উপহার সামগ্রীর মধ্যে ছিল গরুর মাংস, পোলাও চাল, ডাল, সয়াবিন তেল, চিনি, মসলা, গুঁড়া দুধ ও আলু।

উদ্বোধনী অনুষ্ঠানে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক সৈয়দ মাহফুজুর রহমান বলেন, “জনস্বার্থে আমাদের মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে। মানুষের দোয়া ও সমর্থনই আমাদের এগিয়ে যাওয়ার প্রেরণা।”

এ সময় উপস্থিত ছিলেন ফান্ডরাইজিং অ্যান্ড গ্রান্ট ম্যানেজমেন্ট বিভাগের আহমেদ হোসাইন, মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের বৃষ্টি মুন্সি, হিউম্যান রিসোর্স বিভাগের আনাস আহমেদ ও আলফিও বালা, হেড অব কো-অর্ডিনেটর মুবারক হোসাইন, পাবলিক রিলেশনস বিভাগের নাসিম আহমেদ, সুমাইয়া শিমু, শেখ সাকিবসহ আরও অনেকে।

সংগঠনটি দীর্ঘদিন ধরে সমাজের অবহেলিত ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে মানবিক কর্মকাণ্ড চালিয়ে আসছে।

বাড়ি মেহেরপুর গ্রুপের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

“মানবতার কল্যাণে, সমাজের পাশে” এই স্লোগানকে সামনে রেখে বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের সদস্য ও পরিচালনা পর্ষদের সমন্বয়ে এবছরও ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৭ মার্চ) সকাল ১১টায় গ্রুপটির প্রধান কার্যালয় থেকে ১০০ জনের মাঝে এ ঈদ উপহার বিতরণ করা হয়।

বিতরণকালে উপস্থিত ছিলেন গ্রুপের প্রতিষ্ঠাতা এডমিন ও সুপ্রিম কোর্টের আইনজীবী নুরুজ্জামান বাবু, এডমিন আসাদুজ্জামান খান,

এডমিন রিনু, এডমিন আ: হাদী, মডারেটর আ: রব, মডারেটর জাহাঙ্গীর আলম, সদস্য একরাম হোসেন, সুরুজ বাবু, সুমন প্রমুখ।

এডমিন ও মডারেটররা জানান, বাড়ি মেহেরপুর গ্রুপ এখন একটি সেবামূলক সংগঠনে পরিণত হয়েছে। সমাজের বিভিন্ন মানবিক কাজে অংশগ্রহণের মাধ্যমে গ্রুপের সদস্যরা মানবতার সেবা অব্যাহত রেখেছে। তারা সকলের আন্তরিক উপস্থিতি ও আর্থিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এছাড়াও, সকলকে অগ্রিম ঈদ মোবারক জানিয়ে সুস্থ, নিরাপদ ও আনন্দময় থাকার আহ্বান জানান।